আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
ANSAR-VDP UNNAYAN BANK

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

শাখা নিয়ন্ত্রণ বিভাগ

তারিখ: ২৯-০৯-২০২২

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভায় ২০২২-২৩ অর্থবছরের কর্ম-পরিকল্পনার বিপরীতে ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর-২০২২) এর গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

অদ্য ২৯-০৯-২০২২ তারিখ, রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকায় মহাব্যবস্থাপক (অপারেশন এবং হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কমিটির সভা তাঁর দপ্তরে অনুষ্ঠিত হয়। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন।

০২। সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপনের জন্য সভাপতি শাখা নিয়ন্ত্রণ বিভাগের বিভাগ প্রধানকে অনুরোধ করেন। সেপ্রেক্ষিতে শাখা নিয়ন্ত্রণ বিভাগের বিভাগ প্রধান ২৬-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করেন।

০৩। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির বিগত ২৬-০৯-২২২ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন নিম্নরূপ:

ক্রম	আলোচ্যসূচীর বিষয়	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত/অগ্রগতি	বাস্তবায়নের অগ্রগতি
০১	[১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	০৬-০৯-২০২২ তারিখে সম্পন্ন হয়েছে	-
০২	[১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	২৯-০৯-২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে	২৯-০৯-২০২২ তারিখে সম্পন্ন হয়েছে
০৩	[১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন	২৯-০৯-২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে	গত ২৮-০৯-২০২২ তারিখে সম্পন্ন হয়েছে
০৪	[১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওয়াধীন দপ্তর/ সংস্থাসহ)	গত ০৮-০৯-২০২২ তারিখে হালনাগাদ করা হয়েছে	সর্বশেষ ২৮-০৯-২০২২ তারিখে হালনাগাদ করা হয়েছে
০৫	[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন	কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নেই	-
০৬	[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নেই	-

চলমান পাতা-০২

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
ANSAR-VDP UNNAYAN BANK

০৪। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সভায় গৃহিত অন্যান্য সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন :

ক্রম	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নের অগ্রগতি	বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর
০১	ব্যাংকের ঋণ পোর্টফলিওতে সর্বশেষ "বাংলাদেশ ব্যাংকের তহবিলে কৃষি ও পল্লী ঋণ" নামে একটি ঋণ স্কীম অন্তর্ভূক্ত হয়েছে। উক্ত ঋণ স্কীমটি গত ২৮-০৯-২০২২ তারিখে ব্যাংকের সিটিজেন চার্টারে হালনাগাদ করা।	২৮-০৯-২০২২ তারিখে ব্যাংকের সিটিজেন চার্টারে হালনাগাদ করা হয়েছে।	আইসিটি বিভাগ

- সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হওয়ায় সভা কর্তৃক সন্তোষ প্রকাশ করা হয় এবং এ ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৫। ব্যাংকের কাস্টমার বেইজ হলো বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, যাদের অধিকাংশই দেশের প্রান্তিক পর্যায়ে বসবাস করে। তাছাড়াও বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক আনসার ও ভিডিপি সদস্যদেরকে নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান করা হয় । প্রশিক্ষণ প্রাপ্ত আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদেরকে ব্যাংকের ঋণ নেটওয়ার্ক এর আওতার আনার জন্য সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিবরণ/গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর
০১	২০২২-২৩ অর্থবছরে বিতরনকৃত ঋণের ক্ষেত্রে স্কীম ভিত্তিক শাখাওয়ারি নুতন ঋণগ্রহীতার তথ্য জানার জন্য মাসিক প্রতিবেদনে প্রয়োজনীয় কলাম সন্নিবেশিত করা বা অন্য কোন সহজ উপায় বের করা।	ঋণ আদায় বিভাগ
০২	প্রশিক্ষণ প্রাপ্ত শেয়ারহোল্ডার আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের তথ্য সংগ্রহ করে তাদেরকে প্রজেক্ট ভিত্তিক ঋণ গ্রহনে উৎসাহী করার জন্য শাখা ব্যবস্থাপকদেরকে নির্দেশনা প্রদান করা ।	ঋণ ও অগ্রীম বিভাগ
০৩	ব্যাংকের ঋণ বিতরনের গতিকে অব্যাহত রাখার জন্য প্রতিনিয়ত বাজার/মার্কেট সহ বিভিন্ন স্থান সার্ভে করে পটেনশিয়াল কাস্টমারের তালিকা নির্ধারিত ফরমেটে রেজিস্টারে সংরক্ষনের জন্য শাখা ব্যবস্থাপকদেরকে নির্দেশনা প্রদান করা ।	ঋণ ও অগ্রীম বিভাগ

চলমান পাতা-০৩

০৬। পরিশেষে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ জাহাঙ্গীর আলম)
বিভাগ প্রধান
ঋণ আদায় বিভাগ
এবং
সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি
বিষয়ক পরিবীক্ষণ কমিটি

(মোঃ মিজানুর রহমান)
বিভাগ প্রধান
নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ
এবং
সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি
বিষয়ক পরিবীক্ষণ কমিটি

(বাদল চন্দ্র দেবনাথ)
বিভাগ প্রধান
ঋণ ও অগ্রিম
এবং
ফোকাল পয়েন্ট, সেবা প্রদান
প্রতিশ্রুতি
বিষয়ক পরিবীক্ষণ কমিটি

(মোঃ শিকির আহমেদ)
বিভাগ প্রধান
শাখা নিয়ন্ত্রণ বিভাগ
এবং
বিকল্প ফোকাল পয়েন্ট, সেবা
প্রদান প্রতিশ্রুতি
বিষয়ক পরিবীক্ষণ কমিটি

(জেড.এম. হাফিজুর রহমান)
মহাব্যবস্থাপক (অপারেশন এবং হিসাব ও নিরীক্ষা)
এবং
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি